গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৯৩ তারিখ: ২০/১১/২০২৩ খ্রি.

# নোটিশ

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ জাতীয় তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা এর আওতায় "তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" সভা আগামী ২৩/১১/২৩ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর অফিস কক্ষে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সদস্যকে নির্ধারিত সময় উপস্থিত থাকার জন্য বলা হলো।

২০.১১.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৯৩ তারিখ: ২০/১১/২০২৩ খ্রি.
সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। খাদ্য পরিদর্শক.................................................................
৩। সহকারী উপ-খাদ্য পরিদর্শক...............................................
৪। জনাব.......................................................................................নিরাপত্তা প্রহরী।
৫। অফিস নথি।

২০.১১.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

## ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব বিনয় কুমার দেব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর। |
| সভার তারিখ ও সময়ঃ | ২৩/১১/২০২৩খ্রি.তারিখ বেলা ১২.০০ঘটিকা। |
| স্থানঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর এর অফিস কক্ষ। |
| উপস্থিতিঃ | সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা- পরিশিষ্ট-ক |

সভাপতি "তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" বিষয়ক সভায় উপস্থিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীজার সদর এর অধীন ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য পরিদর্শকসহ বিভিন্ন পদে কর্মরত কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের পরিচয় সভাপতির নিকট প্রদান করেন। পরিচয়পর্ব শেষে সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান সম্পর্কে বিভিন্ন তথ্য উপাত্ত তুলে ধরেন এবং বিভিন্ন নির্দেশনা প্রদান করেন।

সভাপতি বলেন, তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলি সাপেক্ষে কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার থাকবে এবং নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবে মর্মে আইনে বলা হয়েছে। তবে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারানুযায়ী নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়। যথাঃ-

ক। কোনো তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে;

খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সঙ্গে বিদ্যমান সম্পর্ক ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য;

গ। কোন বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

ঘ। কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

ঙ। কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যাক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ নিম্নোক্ত তথ্য; যথা:
(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারি আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য; (আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য; (ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোনো আগাম তথ্য;

চ। কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য;

ছ। কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠ বিচারকার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য;

জ। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যাক্তির ব্যাক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য;

ঝ। কোন তথ্য প্রকাশের ফলে কোন বাক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;

ঞ। আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যাক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

ট। আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;

ঠ। তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথা;

ড। কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;

ঢ। আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;

ণ। কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

ত। কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
থ। জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য;
দ। কোনো ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
ধ। পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
ন। মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষাঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোনো তথ্য; তবে মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত উপদেষ্টা পরিষদ কর্তৃক কোনো সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে তা প্রকাশ করা যাবে।

সভাপতি বলেন, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য প্রদানের জন্য প্রতিটি অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প কর্মকর্তা নিয়োগ করতে হবে। নিয়োগকৃত কর্মকর্তা বদলিজনিত বা অন্য কোন কারণে পরিবর্তিত হলে নতুন কর্মকর্তা নিয়োগ প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরামর্শ প্রদান করা হয়। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প কর্মকর্তার তথ্য ওয়েব পোর্টাল নিয়মিত প্রকাশ করতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নাগরিকের আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান করবেন। প্রতিটি আবেদনের তথ্য সঠিক সময়ে (২০ কার্যদিবস বা অন্য ইউনিট তথ্য প্রদানের সাথে যুক্ত থাকলে ৩০ কার্যদিবস বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসে যথাযথ নিয়মে জানিয়ে দেওয়া) প্রদান করার বিষয়ে তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ-
১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান সর্ম্পকে সকল অংশীজনদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।
২। সকল স্টেকহোল্ডারদের নিকট তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান প্রচার করতে হবে।
৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর স্টেকহোল্ডারদের সাথে সভা/ কর্মশালা আয়োজন করতে হবে।
৪। সকল দপ্তরে তথ্য প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প কর্মকর্তা নিয়োগ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.১১.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৯৫
তারিখ: ২৩/১১/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।
৩। খাদ্য পরিদর্শক/সহকারী উপ-খাদ্য পরিদর্শক, অত্র কার্যালয়।
৪। নৈতিকতা কমিটি, অত্র কার্যালয়।
৫। অফিস কপি।

২৩.১১.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.০৫ তারিখ: ০২/০১/২০২৪ খ্রি.

**বিষয়ঃ** তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ।

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২৩-২০২৪।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও অনুগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২৩-২৪ অর্থ-বছরের তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম-পরিকল্পনার অংশ হলো [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি বিষয় তথ্যাদি প্রেরণ করার জন্য উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়ের সদয়ানুকূলে প্রেরণ করা হলো।

মাসের নামঃ অক্টোবর/ ২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্তির আবেদনপত্র | | | পূর্ববর্তী মাসের জের | মোট তথ্য প্রাপ্তির আবেদনপত্র (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মসে নিষ্পত্তিকৃত আবেদনপত্র | চলমান অভিযোগ | | তথ্যপ্রাপ্তির আবেদন নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১২ |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

০২.০১.২০২৪
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৮০

তারিখ: ০২/১১/২০২৩ খ্রি.

বিষয়ঃ অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২৩-২০২৪।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও অনুগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২৩-২৪ অর্থ-বছরের অন্তর্ভূক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এর অধিভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনার অংশ হলো [১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ বিষয় উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়ের সদয়ানুকূলে প্রেরণ করা হলো।

মাসের নামঃ অক্টোবর/ ২০২৩

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১২ |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর। | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

০২.১১.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.৩০১ তারিখ: ০৪/১২/২০২৩ খ্রি.

**বিষয়ঃ** <u>অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ প্রসঙ্গে।</u>

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২৩-২০২৪।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও অনুগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২৩-২৪ অর্থ-বছরের অন্তর্ভূক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এর অধিভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনার অংশ হলো [১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ বিষয় উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়ের সদয়ানুকূলে প্রেরণ করা হলো।

মাসের নামঃ নভেম্বর/ ২০২৩

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১২ |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর। | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

০৪.১২.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.০৩ তারিখ: ০২/০১/২০২৪ খ্রি.

**বিষয়ঃ** অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২৩-২০২৪।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও অনুগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২৩-২৪ অর্থ-বছরের অন্তর্ভূক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এর অধিভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনার অংশ হলো [১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ বিষয় উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়ের সদয়ানুকূলে প্রেরণ করা হলো।

মাসের নামঃ ডিসেম্বর/ ২০২৩

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১২ |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর। | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

০২.০১.২০২৪
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৫৮ তারিখ: ৫/১২/২০২৩ খ্রি.

## নোটিশ

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ জাতীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এ স্টেকহোল্ডারদের সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অবহিতকরন সভা আগামী ৮/১২/২৩ খ্রি. তারিখ বিকাল ২.০০ ঘটিকার সময় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর অফিস কক্ষে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সদস্যকে নির্ধারিত সময় উপস্থিত থাকার জন্য বলা হলো।

০৫.১২.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৫৮ তারিখ: ৫/১২/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। খাদ্য পরিদর্শক............................................................
৩। সহকারী উপ-খাদ্য পরিদর্শক............................................
৪। জনাব.............................................................................নিরাপত্তা প্রহরী।
৫। অফিস নথি।

০৫.১২.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

## ০৮/১২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্টেকহোল্ডারদের সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অবহিতকরন ২য় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব বিনয় কুমার দেব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর।

সভার তারিখ ও সময়ঃ ০৮/১২/২০২৩খ্রি.তারিখ বিকাল ২.০০ঘটিকা।

স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর এর অফিস কক্ষ।

উপস্থিতিঃ সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা- পরিশিষ্ট-ক

সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) স্টেকহোল্ডারদের অবহিতকরন বিষয়ক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের পরিচয় দেন। পরিচয়পর্ব শেষে সভাপতি বলেন দাপ্তরিক কর্মকান্ডে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়টি সরকারি দপ্তরে চালু করা হয়। ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি অনুসারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ০২(দুই) টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক বিভিন্ন তথ্য উপাত্ত তুলে ধরেন এবং বিভিন্ন নির্দেশনা প্রদান করেন।

| ক্র/ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|---|
| ০১ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর পটভূমি, সংজ্ঞা, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা, অভিযোগ দাখিল ও নিষ্পত্তি প্রক্রিয়া | যেহেতু এটি একটি অবহিতকরণ সভা। সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর পটভূমি, সংজ্ঞা, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা, অভিযোগ দাখিল ও নিষ্পত্তি প্রক্রিয়া, অভিযোগের প্রকৃতি, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), আপিল কর্মকর্তা, অভিযোগ ব্যবস্থাপনা সেল, অভিযোগ দাখিল পদ্ধতি, আপিল দাখিল পদ্ধতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেলে অভিযোগ/ আপিল দাখিল পদ্ধতি, অসত্য ও হয়রানিমূলক অভিযোগের বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা করেন।<br>সভাপতি "অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫, পরিমার্জিত ২০১৮ থেকে এ বিষয়ে বিস্তারিত সভায় অবহিত করেন। সকলের জানার সুবিধার্থে উক্ত নির্দেশনাটি কার্যবিবরনীর সাথে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | "অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫, পরিমার্জিত ২০১৮ কার্যবিবরনীর সাথে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসন শাখা, অত্র দপ্তর।<br>২। খাদ্য পরিদর্শক<br>৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০২ | অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া | সভাপতি বলেন, সেবা প্রাপ্তিতে কেউ অসন্তুষ্ট হলে প্রথমেই দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর সঙ্গে যোগাযোগ করতে হবে। মাঠ পর্যায়ের প্রতিটি দপ্তরে অনিক কর্মকর্তা নিয়োগ করতে হবে। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নির্দিষ্ট সময়ের মধ্যে অথবা প্রত্যাশিত সমাধান দিতে না পারলে আপিল কর্মকর্তার সাথে যোগযোগ করতে হবে। এক্ষেত্রে আপিল কর্মকর্তা হবে উর্ধ্বতন দপ্তরের দপ্তর প্রধান। আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ের মধ্যে অথবা প্রত্যাশিত সমাধান দিতে না পারলে মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলে অভিযোগ দেওয়া যাবে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআর এস) সম্পর্কিত কোন যৌক্তিক অভিযোগ আসলে যথাসময়ে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র দপ্তর।<br>২। খাদ্য পরিদর্শক<br>৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অবহিত করণ বিষয়ে সভা আহ্বান | সভাপতি বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে স্টেকহোল্ডারদের অবহিতকরণ সংক্রান্ত মোট ০২(দুই)টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। মাঠ পর্যায়ের দপ্তর সমূহে স্টেকহোল্ডারদের সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থ অবহিতকরণ আহ্বান করতে হবে। | মাঠ পর্যায়ের দপ্তর সমূহে স্টেক হোল্ডারদের সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থ অবহিতকরণ আহ্বান করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র দপ্তর। ২। খাদ্য পরিদর্শক ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮.১২.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৫৯
তারিখ: ০৮/১২/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। খাদ্য পরিদর্শক..............................................................
৩। সহকারী উপ-খাদ্য পরিদর্শক..............................................
৪। জনাব.......................................................................................নিরাপত্তা প্রহরী।
৫। অফিস নথি।

০৮.১২.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।